পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প
রাঙ্গামাটি।

স্মারক নং: ২৯.২৩১.০১৮.২১.০০.১৫.২০১৬-২১২ তারিখ: ২৪/০৮/২০১৬ খ্রিঃ।

বিষয় : ওয়েব সাইটে প্রদানের জন্য "পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প"এর সংক্ষিপ্ত ব্রীফ (বাংলা ও ইংরেজি) প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন শাখার ২৩/১০/২০১৬ তারিখের ২৯.০০.০০০০.২২৫.০১৪.০০৬.১৫-৪৮৯ সংখ্যক পত্র ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতির জন্য, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের আওতাধীন ''পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ" শীর্ষক প্রকল্পের সংক্ষিপ্ত ব্রীফ (বাংলা ও ইংরেজি) এতদসঙ্গে সংযুক্ত করে সদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৪/০৮/১৬

সংযুক্তঃ পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্পের তথ্যাবলী

মোঃ মনজুরুল আলম
(যুগ্ম সচিব)
প্রকল্প পরিচালক
পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
ফোন - ০৩৫১-৬৩২৮৬

বিদুষী চাকমা,
উপ সচিব,
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্পের তথ্যাবলী

প্রকল্পের উদ্দেশ্য:


- অফ গ্রিড বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় বিদ্যুৎ সরবরাহ করা
- আগামী ২৫-৩০ বৎসর সময়ে যে সব ইউনিয়নে জাতীয় বিদ্যুৎ গ্রীড লাইন স্থাপন সম্ভব নয়, সে সব স্থানে সোলার হোম সিস্টেম ও সোলার কমিউনিটি সিস্টেম স্থাপন।
- উপকারভোগী নির্বাচনে অতি দরিদ্রদের অগ্রাধিকার দেওয়া।
- সকল ধর্মের সকল সম্প্রদায়ের মধ্য হতে উপকারভোগী নির্বাচিত করা।
- যে সমস্ত পরিবারে স্কুল পড়ুয়া ছাত্র-ছাত্রী রয়েছে উপকারভোগী নির্বাচনে তাদের প্রাধান্য দেওয়া।

প্রকল্পের নির্দিষ্ট উদ্দেশ্য সমূহ:

- ৩.৮২ কিলোওয়াট-পিক বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে ৫৮৯০টি পরিবারের জীবনযাত্রার মান উন্নয়ন করা
- ৩.৩৭ কিলোওয়াট-পিক বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে ২৮১৪টি কমিউনিটি সেন্টারে বিদ্যুৎ সরবরাহ করা
- আনুমানিক ১৬০০ শিশুর পড়াশুনার জন্য বর্ধিত সময়ের ব্যবস্থা করা
- রাতের বেলা বাতির আলোর সাহায্যে মহিলারা যাতে কাজ করতে পারে ও অতিরিক্ত উপার্জন করতে পারে তার ব্যবস্থা করা
- ক্ষুদ্র বিনিয়োগে উৎসাহিত করা
- জীবাশ্ম জ্বালানীর ব্যবহার কমানোর মাধ্যমে কার্বন-ডাই- অক্সাইড নির্গমন কমানো

বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা:

অর্থ বছর	সোলার হোম সিস্টেম (SHS)	সোলার কমিউনিটি সিস্টেম (SCS)
২০১৫-২০১৬	৩৯০ টি	১৫ টি
২০১৬-২০১৭	৩৪৯০ টি	১৮১৩টি
২০১৭-২০১৮	২০১০ টি	৯৮৬টি
সর্বমোট	৫৮৯০ টি	২৮১৪টি




২০১৫-২০১৬ সালের কার্যক্রমের সংক্ষিপ্তসারঃ


২০১৫-২০১৬ সালে রাঙ্গামাটি পার্বত্য জেলায় ৩৪টি সোলার হোম সিস্টেম, বান্দরবান পার্বত্য জেলায় ২৩৬টি সোলার হোম সিস্টেম এবং খাগড়াছড়ি পার্বত্য জেলায় ১২০টি সোলার হোম সিস্টেম সর্বমোট ৩৯০ টি সোলার হোম সিস্টেম সরবরাহ ও স্থাপন করা হয়। তিন পার্বত্য জেলায় ১৫ টি সোলার কমিউনিটি সিস্টেম সরবরাহ ও স্থাপন করা হয়। এছাড়াও ৪৪০ জন উপকারভোগী পরিবারকে সোলার সিস্টেম রক্ষণাবেক্ষণের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়।




ছবি: উপকারভোগী পরিবারকে সোলার সিস্টেম রক্ষণাবেক্ষণের উপর প্রশিক্ষণ প্রদান



ছবি : ২০১৫-১৬ অর্থ বছরে রাঙামাটি জেলায় সোলার হোম সিস্টেম স্থাপনকৃত এলাকা।



ছবি : ২০১৫-১৬ অর্থ বছরে খাগড়াছড়ি জেলায় সোলার হোম সিস্টেম স্থাপনকৃত এলাকা।



ছবি : ২০১৫-১৬ অর্থ বছরে বান্দরবান জেলায় সোলার হোম সিস্টেম স্থাপনকৃত এলাকা।

সোলার হোম সিস্টেম বিতরণের ছবি:



ছবি: নির্বাচিত উপকারভোগী পরিবারের বসতবাড়ির ছবি



ছবি: নির্বাচিত উপকারভোগী পরিবারের বসতবাড়ির ছবি



ছবি: উপকারভোগীদের মধ্যে সোলার হোম সিস্টেম বিতরণ



ছবি: উপকারভোগীদের মধ্যে সোলার হোম সিস্টেম বিতরণ

২০১৬-২০১৭ সালের কার্যক্রমের সংক্ষিপ্তসারঃ

২০১৬-২০১৭ সালের উপকারভোগী জরিপের কাজ চলমান রয়েছে। ইতমধ্যে রাঙামাটি জেলায় ২০০ পরিবারকে, খাগড়াছড়ি জেলায় ২০০ পরিবারকে এবং বান্দরবান জেলায় ২০০ পরিবারকে প্রাথমিকভাবে উপকারভোগী পরিবার হিসেবে নির্বাচিত করা হয়েছে।





ছবি : উপকারভোগীর জরিপ কাজ